# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৫৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফজরের পর সালাত এবং আসরের পর সালাত আদায় করার ব্যাপারে যে হুশিয়ারী এসেছে, এর দ্বারা ফরয ও ছুটে যাওয়া সালাত উদ্দেশ্য নয়-এই ব্যাপারে অন্তর থেকে সন্দেহ নিরসনকারী হাদীস

## ذِكْرُ خَبَرٍ يَنْفِي الرَّيْبَ عَنِ الْقُلُوبِ بِأَنَّ الزَّجْرَ عَنِ الصَّلَاةِ بَعْدَ الصُّبْحِ وَبَعْدَ الْعَصْرِ لَمْ يُرِدْ بِهِ الْفَرَائِضُ وَالْفَوَائِتُ

---

আরবী

1555 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ وَعَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ وَعَنِ الْأَعْرَجِ يُحَدِّثُونَهُ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:(مَنْ أَدْرَكَ رَكْعَةً مِنَ الصُّبْحِ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ فَقَدْ أَدْرَكَ الصَّلَاةَ وَمَنْ أَدْرَكَ رَكْعَةً مِنَ الْعَصْرِ قبل غروب الشمس فقد أدرك الصلاة)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1555 | خلاصة حكم المحدث :صحيح ـ ((الإرواء)) (1/ 273/253)

বাংলা

১৫৫৫. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি সূর্য উদিত হওয়ার আগে ফজরের এক রাকা‘আত সালাত পায়, সে নিশ্চিতরূপে সালাত পেয়ে যায়। অনুরূপভাবে যে ব্যক্তি সূর্য অস্ত যাওয়ার আগে এক রাকা‘আত সালাত পায়, সে নিশ্চিতরূপে সালাত পেয়ে যায়।”[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৯৯; মুয়াত্তা ইমাম মালিক: ১/৬; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৫১; মুসনাদ আহমাদ: ২/৪৬২; সহীহ আল বুখারী: ৫৭৯; সহীহ মুসলিম: ৬০৮; তিরমিযী: ১৮৬; নাসাঈ: ১/২৫৭; দারেমী: ১/২৭৭-২৭৮; আবূ আওয়ানা: ১/৩৫৮; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/১৫১; সুনান বাইহাকী: ১/৩৬৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৯৮৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/২৮৩/২৫৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90870

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন